



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭


স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-২৯

তারিখ: ০৮ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রিঃ থেকে দেশব্যাপি অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা গ্রহণের বিষয়গুলো অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধির জন্য ঢাকা, যশোর, সিলেট ও দিনাজপুর অঞ্চলের কেন্দ্র সচিবগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। উক্ত মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ড. আনাম আহছানুল হক মিলন এমপি মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মতবিনিময় সভায় উক্ত অঞ্চলসমূহের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (প্রতিনিধি গ্রহণযোগ্য নয়) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ	অঞ্চল	জেলা সমূহ	তারিখ ও বার	সময়	স্থান
১.	ঢাকা	শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, গাজীপুর, টাংগাইল ও কিশোরগঞ্জ।	১২/০৪/২০২৬ খ্রিঃ রবিবার	সকাল ১০:০০ ঘটিকা	আজিমপুর সরকারি গার্লস স্কুল এন্ড কলেজ অডিটোরিয়াম, আজিমপুর, ঢাকা।
২.	যশোর	কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর, সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট।	১৩/০৪/২০২৬ খ্রিঃ সোমবার	সকাল ১০:০০ ঘটিকা	পিটিআই অডিটোরিয়াম, যশোর।
৩.	সিলেট	সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ।	১৫/০৪/২০২৬ খ্রিঃ বুধবার	সকাল ১১:০০ ঘটিকা	জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর অডিটোরিয়াম, মেন্দিবাগ, সিলেট।
৪.	দিনাজপুর	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা।	১৭/০৪/২০২৬ খ্রিঃ শুক্রবার	দুপুর ২:০০ ঘটিকা	জেলা শিল্পকলা একাডেমি, দিনাজপুর



(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫(অফিস)।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-২৯(৯)

তারিখ: ০৮ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। আঞ্চলিক পরিচালক (ঢাকা, খুলনা, সিলেট ও রংপুর অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৪। সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।


(প্রকৌশলী জাকারিয়া আকাসী)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।